# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

### Daily Live Exam International Affairs-01

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

**এশিয়া তথা পৃথিবীর সর্বোচ্চ গড় আয়ুর দেশ কোনটি?**

A ভারত

B জাপান ✔

C কাজাখস্তান

D চীন

**Solution:**
১। এশিয়ার তথা বিশ্বের সর্বাধিক রাষ্ট্রভাষার দেশ - ভারত
২। এশিয়া তথা পৃথিবীর সর্বোচ্চ গড় আয়ুর দেশ- জাপান
৩। এশিয়ার আয়তনে বৃহত্তম মুসলিম রাষ্ট্র-কাজাখস্তান
৪। এশিয়ার বৃহত্তম জনসংখ্যার দেশ- চীন

Question 2

**কোন সালে পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি হয়েছিল?**

A ১৯৫৪

B ১৯৫৬

C ১৯৫৮ ✔

D ১৯৬২

**Solution:**
১৯৫৮ সালের ৭ই অক্টোবর রাষ্ট্রপতি ইস্কান্দার মির্জা সমগ্র পাকিস্তানে সামরিক আইন জারি করেন এবং সেনাবাহিনীর তৎকালীন সর্বাধিনায়ক জেনারেল আইয়ুব খানকে প্রধান সামরিক আইন প্রশাসকের পদে নিয়ুক্ত করেন তিনি; ২৭শে অক্টোবর ইস্কান্দার মির্জাকে রাষ্ট্রপতির পদ থেকে ইস্তফা দিতে বাধ্য করে নিজে রাষ্ট্রপতির পদে আসীন হন।

Question 3

আফগানিস্তানের সীমান্তবর্তী দেশ কয়টি?

- A ৬টি ✔
- B ৫টি
- C ৭টি
- D ৪টি

**Solution:**
আফগানিস্তানের পূর্বে ও দক্ষিণে পাকিস্তান, পশ্চিমে ইরান, উত্তরে তুর্কমেনিস্তান, উজবেকিস্তান ও তাজিকিস্তান এবং উত্তর-পূর্বে গণচীন অবস্থিত।

Question 4

'প্যাগোডার দেশ' হিসেবে পরিচিত নিচের কোনটি?

- A মিয়ানমার ✔
- B ভুটান
- C শ্রীলঙ্কা
- D মালদ্বীপ

**Solution:**
দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ মিয়ানমারের পূর্ব নাম ছিলো বার্মা। মিয়ানমার ১৯৪৮ সালে ব্রিটেনের নিকট থেকে স্বাধীনতা লাভ করে। ১৯৮৯ সালে গণতান্ত্রিক সরকারের উৎখাতের পর ক্ষমতায় আসা সামরিক সরকার বার্মার নতুন নামকরণ করে "মিয়ানমার" এবং প্রধান শহর ও তৎকালীন রাজধানী রেঙ্গুনের নতুন নাম হয় "ইয়াঙ্গুন"। এরপর ২০০৭ সালে নতুন রাজধানী করা হয় নাইপিদোকে। ২১ অক্টোবর, ২০১০ থেকে দেশটির জাতীয় সঙ্গীত ও নতুন জাতীয় পতাকা প্রবর্তন করা হয়। মিয়ানমারকে 'প্যাগোডার দেশ' বলা হয়।

Question 5

ফিলিপাইনের মুসলিম অধ্যুষিত দ্বীপের নাম কী?

A জাফনা

B বোর্নিও

C সুবিক-বে

D মিন্দানাও ✔

**Solution:**
ফিলিপাইন প্রজাতন্ত্র দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি দ্বীপরাষ্ট্র। স্বাধীনতার পূর্বে ফিলিপাইন স্পেন (১৫২১ খ্রি: - ১৮৯৮ খ্রি:) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের (১৮৯৮ খ্রি: - ১৯৬৪ খ্রি:) অধীনে ছিল। লুজান দ্বীপে অবস্থিত ম্যানিলা দ্বীপটি ফিলিপাইনের রাজধানী। ফিলিপাইনে মুসলিম অধ্যুষিত দ্বীপের নাম মিন্দানাও।

Question 6

কোন দেশটির উত্তরে দক্ষিণ চীন সাগর এবং বাকী সব দিকে মালয়েশিয়ার অবস্থান?

A ব্রুনাই ✔

B পূর্ব তিমুর

C কম্বোডিয়া

D লাওস

**Solution:**
সুলতানের অধীনে পরিচালিত ব্রুনাই একটি রাজতান্ত্রিক ইসলামি রাষ্ট্র। দেশটির আইনব্যবস্থা ইংরেজ ও ইসলামি শরিয়াহ দ্বারা প্রভাবিত। ভৌগোলিকভাবে দেশটি বোর্নিও দ্বীপের উত্তর উপকূলে অবস্থিত। দেশটির উত্তরে দক্ষিণ চীন সাগর এবং বাকী সব দিকে মালয়েশিয়ার অবস্থান। ব্রুনাইয়ের রাজধানীর নাম বন্দর সেরি বেগাওয়ান।

Question 7

প্রাচীনকালে বাণিজ্য ক্ষেত্রে ব্যবহৃত সিল্ক রোডের পূর্ব প্রান্ত কোথায় এসে শেষ হয়েছে?

A চীন ✔

B জাপান

C ইন্দোনেশিয়া

D মঙ্গোলিয়া

**Solution:**
সিল্করোড হলো চীনের চালু করা বাণিজ্যিক পথ। চীনের প্রেসিডেন্ট শি জিনপিং ২০১৩ সালের অক্টোবর মাসে কাজাখস্তানের নজারবায়েভ বিশ্ববিদ্যালয়ে কথা প্রসঙ্গে প্রথম নিউ সিল্ক রোড ইকোনোমিক বেল্ট সৃষ্টির কথা বলেন। এটি চীন থেকে শুরু হয়ে সমস্ত মধ্য এশিয়াকে স্থলপথে বাণিজ্যিকভাবে কাছে নিয়ে আসবে এবং সেখান থেকে আরো দূরে, ইউরোপে সম্প্রসারিত হবে। প্রাচীনকালে সিল্ক রোড বলতে চীনের সাথে পশ্চিমাঞ্চলের সংযোগ বোঝায়।

Question 8

‘A Long Walk to Freedom’ গ্রন্থটি কী ধরনের গ্রন্থ?

A রাজনৈতিক

B অর্থনৈতিক

C আত্মজীবনীমূলক ✔

D ভ্রমণকাহিনি

**Solution:**
নেলসন ম্যান্ডেলার অন্য নাম মাদিবা। ১৯৬১ সালে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস এর সশস্ত্র শাখা গঠন করেন। ১৯৯১ সালে তিনি আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস – এর সভাপতি নির্বাচিত হন। তাঁর বিখ্যাত গ্রন্থের নাম ‘A Long Walk to Freedom’। এটি আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের অন্যতম পথিকৃৎ নেলসন ম্যান্ডেলার (১৯১৮-২০১৩) আত্মজীবনীমূলক বই।

Question 9

কোন চুক্তির মাধ্যমে হংকং ব্রিটিশ কলোনিতে পরিণত হয়?

A সেভার্স সন্ধি

B লুজান চুক্তি

C নানকিং চুক্তি ✔

D ওয়াইরিভার চুক্তি

**Solution:**
হংকং চীনের বিশেষ স্বায়ত্তশাসিত অঞ্চল। প্রথম আফিম যুদ্ধে ব্রিটেনের নিকট চীন পরাজিত হলে ১৮৪২ সালে নানকিং চুক্তির মাধ্যমে হংকং ব্রিটিশ কলোনিতে পরিণত হয়। ১৮৯৮ সালে চীন ৯৯ বছরের জন্য হংকংকে ব্রিটিশ সরকারের নিকট লিজ দেয়। হংকং ব্রিটেনের অধীনে ছিল ১৫৬ বছর। ১৯৯৭ সালের ১ জুলাই ব্রিটেন কর্তৃক চীনের কাছে হংকং এর সার্বভৌমত্ব ফিরিয়ে দেয়া হয়।

Question 10

পৃথিবীর মোট বরফের শতকরা কতভাগ এন্টার্কটিকাতে আছে?

A ৫০

B ৭০

C ৯০ ✔

D ৭৫

**Solution:**
দক্ষিণ মেরুর চতুর্দিকে অবস্থিত বরফাবৃত মহাদেশ এন্টার্কটিকায় পৃথিবীর মোট বরফের শতকরা ৯০ ভাগ বরফ রয়েছে।

Question 11

এন্টার্কটিকা মহাদেশের প্রধান বৈশিষ্ট্য কী?

A তুষারমণ্ডিত ✔

B পেঙ্গুইনসমৃদ্ধ

C জনবসতিহীন

D জীবজন্তুহীন

**Solution:**
এন্টার্কটিকা মহাদেশের প্রধান বৈশিষ্ট্য তুষারমণ্ডিত। এই মহাদেশ পৃথিবীর সর্বদক্ষিণে অবস্থিত। ভৌগোলিক দক্ষিণ মেরু এই মহাদেশের অন্তর্গত। দক্ষিণ গোলার্ধের এন্টার্কটিক অঞ্চলে প্রায় সামগ্রিকভাবেই কুমেরু বৃত্তের দক্ষিণে অবস্থিত এই মহাদেশটি দক্ষিণ মহাসাগর দ্বারা পরিবেষ্টিত।
এন্টার্কটিকার তাপমাত্রা −৮৯.২° সেন্টিগ্রেড (−১২৮.৬° ফারেনহাইট) পর্যন্ত (অথবা মহাকাশ থেকে পরিমাপকৃত হিসাব অনুযায়ী, −৯৭.৭° সেন্টিগ্রেড অর্থাৎ −১৩৫.৮° ফারেনহাইট পর্যন্ত) নামতে পারে। যদিও মহাদেশের তিন-চতুর্থাংশ অঞ্চলের (বছরের শীতলতম অংশ) গড় তাপমাত্রা −৬৩° সেন্টিগ্রেড (−৮১° ফারেনহাইট)।

Question 12

মালদ্বীপ ভৌগোলিকভাবে কোথায় অবস্থিত?

A প্রশান্ত মহাসাগরে

B আটলান্টিক মহাসাগরে

C উত্তর মহাসাগরে

D ভারত মহাসাগরে ✔

**Solution:**
মালদ্বীপ ভারত মহাসাগরের একটি দ্বীপরাষ্ট্র। মালদ্বীপ নামটি সম্ভবত "মালে দিভেহী রাজ্য" হতে উদ্ভূত যার অর্থ হল মালে অধিকৃত দ্বীপরাষ্ট্র। কারো কারো মতে সংস্কৃত 'মালা দ্বীপ' অর্থ দ্বীপ-মাল্য বা 'মহিলা দ্বীপ' অর্থ নারীদের দ্বীপ হতে মালদ্বীপ নামটি উদ্ভূত। অপরূপে সৌন্দর্যের লীলাভূমি এটি বিশ্বের সবচেয়ে নিচু দেশ। দেশটি প্রায় ১২০০ এরও বেশি ছোট ছোট প্রবালদ্বীপ নিয়ে গঠিত।

Question 13

বর্তমানে কাশ্মীরের কত শতাংশ পাকিস্তানের অধীনে রয়েছে?

A ৪৩%

B ৩৭% ✔

C ২০%

D ৪০%

**Solution:**
বর্তমানে কাশ্মীর উপত্যকা, লাদাখ এবং সিয়াচেন হিমবাহ নিয়ে কাশ্মীরের ৪৩% ভূখণ্ড ভারতের অধিকারে আছে। ভারতের অধিকৃত জম্মু-কাশ্মীর রাজ্যের রাজধানীর নাম – জম্মু ও শ্রীনগর। অন্যদিকে কাশ্মীরের বাকি ৩৭% পাকিস্তানের অধীনে, যেখানে আছে আজাদ কাশ্মীর এবং গিলগিট বাল্টিস্থানের উত্তরাঞ্চল। আর আকসাই চীন ও ট্রান্স কারাকোরাম নিয়ে কাশ্মীরের ২০% চীন দখল করে আছে।

Question 14

বিখ্যাত তোরাবোরা পাহাড়ের অধিকাংশ অঞ্চল কোন দেশে অবস্থিত?

A উজবেকিস্তান

B ভারত

C আফগানিস্তান ✔

D পাকিস্তান

**Solution:**
আফগানিস্তানের কয়েকটি শহরের নাম → কান্দাহার, তোরাবোরা পাহাড়, কুন্দুজ, মাজার-ই শরীফ, মূসল, হিন্দুকুশ, মুসাকালা

Question 15

ভুটান ব্রিটিশদের থেকে স্বাধীন হয় কত সালে?

A ১৯৪৭ ✔

B ১৯৪৯

C ১৯৭১

D ২০০৮

**Solution:**
১৯৪৭ সালে ভারতের সাথে ভুটানও ব্রিটিশদের থেকে স্বাধীন হয় এবং ১৯৪৯ সালে ভুটান ও ভারত একটি চুক্তি স্বাক্ষর করে যেখানে ভুটান ভারতের কাছ থেকে বৈদেশিক সম্পর্কের ব্যাপারে পথনির্দেশনা নেবার ব্যাপারে সম্মত হয় এবং পরিবর্তে ভারত ভুটানের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ না করার প্রতিশ্রুতি দেয়। ১৯৭১ সালে ভুটান জাতিসংঘের একটি সদস্য রাষ্ট্রে পরিণত হয়। ২০০৮ সালের ১৮ই জুলাই ভুটানের সংসদ একটি নতুন সংবিধান গ্রহণ করে।

Question 16

কোন দেশটি অতীতে অন্য কোন দেশের উপনিবেশ ছিল না?

A ইন্দোনেশিয়া

B লাওস

C থাইল্যান্ড ✔

D মালয়েশিয়া

**Solution:**
থাইল্যান্ড শব্দের অর্থ স্বাধীন ভূমি বা মুক্তভূমি। এর পূর্বনাম ছিল শ্যামদেশ। দেশটি অতীতে অন্য কোন দেশের উপনিবেশ ছিল না। ১৭৮২ খ্রিষ্টাব্দ থেকে চক্রী রাজবংশ দেশটি শাসন করেছে। ১৭৮২ সাল থেকে ১৯৩২ সাল পর্যন্ত দেশটিতে নিরঙ্কুশ রাজতন্ত্র প্রতিষ্ঠিত ছিল। ১৯৩২ সালে বিদ্রোহীরা একটি অভ্যুত্থান ঘটায় এবং দেশে শাসনতান্ত্রিক রাজতন্ত্র প্রতিষ্ঠা করে। তখন থেকে আজ পর্যন্ত থাইল্যান্ড বহু সামরিক ও বেসামরিক সরকারের অধীনে শাসিত হয়েছে।

Question 17

পূর্ব তিমুরের স্বাধীনতার নেতৃত্ব দেন কে?

A লি কুয়ান ইউ

B পল পট

C লন নল

D জানানা গুসামাও ✔

**Solution:**
পূর্ব তিমুর দক্ষিণ পূর্ব এশিয়ার একটি রাষ্ট্র। দেশটির আয়তন ১৫,০০৭ বর্গকিলোমিটার এবং রাজধানী দিলি। ১৯৭৫ সাল পর্যন্ত পূর্ব তিমুর পর্তুগিজদের অধীনে ছিল। এরপর ১৯৭৫ সাল থেকে দেশটিতে ইন্দোনেশিয়ার শাসন চলে। সর্বশেষ ২০০২ সালে পূর্ব তিমুর ইন্দোনেশিয়া হতে বিচ্ছিন্ন হয়ে একবিংশ শতাব্দীর প্রথম স্বাধীন দেশ হিসেবে আত্মপ্রকাশ করে। পূর্ব তিমুরের স্বাধীনতা সংগ্রামের নেতৃত্বে ছিলেন জানানা গুসামাও।

Question 18

উত্তর ইয়েমেন ও দক্ষিণ ইয়েমেন একত্রিত হয় কত সালে?

A ১৯৯০ সালে ✔

B ১৯৮০ সালে

C ১৯৮৫ সালে

D ১৯৯৫ সালে

**Solution:**
১৯৯০ সালে ইয়েমেন আরব প্রজাতন্ত্র (উত্তর ইয়েমেন) এবং গণপ্রজাতন্ত্রী ইয়েমেন (দক্ষিণ ইয়েমেন) দেশ দুইটিকে একত্রিত করে ইয়েমেন প্রজাতন্ত্র গঠন করা হয়।

Question 19

উত্তর কোরিয়া এবং দক্ষিণ কোরিয়াকে বিভক্তকারী অসামরিক অঞ্চলের মধ্যে অবস্থিত শান্তি পল্লীর নাম কী?

A পানজুমন

B মনজুপান

C পানমুনজাম ✔

D জমমুনপান

**Solution:**
'পানমুনজাম' হলো উত্তর কোরিয়া এবং দক্ষিণ কোরিয়ার সীমান্তবর্তী একটি গ্রামের নাম। ১৯৫০-১৯৫৩ সাল পর্যন্ত চলা কোরীয় যুদ্ধের অবসানে পানমুনজামে যুদ্ধবিরতিতে স্বাক্ষর করেছিল দুই পক্ষ। একে নিরপেক্ষ এলাকা হিসেবে বিবেচনা করা হয়। তাই এই গ্রামটি শান্তি গ্রাম নামে পরিচিত।

Question 20

আহমেদ বেন বেল্লা কোন দেশের স্বাধীনতা সংগ্রামের নেতৃত্ব দিয়েছিলেন?

A তিউনেশিয়া

B ফিলিস্তিন

C মিশর

D আলজেরিয়া ✔

**Solution:**
বেন বেল্লা পশ্চিম আলজেরিয়ার মাঘনিয়াতে মরক্কো বংশোদ্ভূত পিতামাতার ঘরে জন্মেছিলেন। তখন ছিলো ফরাসি উপনিবেশের সময় এবং তার জন্ম তারিখ ছিলো ২৫ ডিসেম্বর, ১৯১৬। তিনি তলেমসেনে স্কুলে যান এবং তার ইউরোপীয় শিক্ষকের দ্বারা আরবদের প্রতি বৈষম্য দেখেন এবং এতে বিরক্ত হন। তিনি brevet পরীক্ষায় ব্যর্থ হন এবং স্কুল থেকে ঝরে পড়েন। পরবর্তীতে বেন বেল্লা আলজেরিয়ার স্বাধীনতার জন্য সংগ্রামের ডাক দেন। শেষপর্যন্ত ফ্রান্স ১৯৬২ খ্রিস্টাব্দে আলজেরিয়াকে তাদের বহু প্রতীক্ষিত স্বাধীনতা দিতে বাধ্য হয়। ন্যাশনাল লিবারেশন ফ্রন্টের প্রধান নেতা আহমেদ বেন বেল্লা আলজেরিয়ার প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হন।

Question 21

## East London কোন দেশের নদী বন্দর?

A ইংল্যান্ড

B অস্ট্রেলিয়া

C আমেরিকা

D দক্ষিণ আফ্রিকা ✔

**Solution:**
দক্ষিণ আফ্রিকায় অবস্থিত বাফেলো (Buffalo) নদীর তীরবর্তী শহর East London। ইংল্যান্ডের স্যার হ্যারি স্মিথ (Sir Harry Smith) এ নামকরণ করেন। ইস্ট লন্ডন দক্ষিণ আফ্রিকার একমাত্র নদী বন্দর।

Question 22

## প্রখ্যাত দার্শনিক ইবনে খালদুন ছিলেন কোন দেশের অধিবাসী-

A মরক্কো

B আলজেরিয়া

C তিউনিশিয়া ✔

D আফগানিস্তান

**Solution:**
ওয়ালিউদ্দিন আবদুর রহমান ইবনে খালদুন ১৩৩২ সালে উত্তর আফ্রিকার তিউনিস শহরে জন্মগ্রহণ করেন। তিনি একজন সমাজবিজ্ঞানী, দার্শনিক ও রাজনীতিবিদ ছিলেন। তাঁর বিখ্যাত গ্রন্থের নাম 'কিতাবুল ইবার' বা 'মোকাদ্দিমা'।

Question 23

ফিলিপাইন কোন দেশের অধীনে ছিল?

A ফ্রান্স

B কানাডা

C ইতালি

D যুক্তরাষ্ট্র ✔

**Solution:**
ফিলিপাইন প্রজাতন্ত্র দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি দ্বীপরাষ্ট্র। স্বাধীনতার পূর্বে ফিলিপাইন স্পেন (১৫২১ খ্রি: - ১৮৯৮ খ্রি:) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের (১৮৯৮ খ্রি: - ১৯৬৪ খ্রি:) অধীনে ছিল।

Question 24

সিঙ্গাপুর কত সালে একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে?

A ১৯৫৯

B ১৯৬৩

C ১৯৬৫ ✔

D ১৯৭০

**Solution:**
ইস্ট ইন্ডিয়া কোম্পানির কর্মকর্তা স্যার স্ট্যামফোর্ড রাফেলস ব্রিটেনের একটি বাণিজ্য কেন্দ্র হিসেবে এটি প্রতিষ্ঠা করেন। ব্রিটেন ও জাপানের দখলদারিত্ব থেকে মুক্তি পেয়ে সিঙ্গাপুর ১৯৬৩ সালে মালয়েশিয়ার একটি প্রদেশে পরিণত হয়। ১৯৬৫ সালে আদর্শগত বিরোধের কারণে মালয়েশিয়া থেকে সিঙ্গাপুরকে বিচ্ছিন্ন করা হয় এবং একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে যাত্রা শুরু করে।

Question 25

জাপানের আইনসভার নাম কী?

A) ডায়েট ✔

B) কায়েট

C) লোকসভা

D) ন্যাশনাল অ্যাসেম্বলি

**Solution:**
জাপানের জাতীয় আইনসভা ডায়েট (National Diet)। এটি দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা।

Question 26

## চীন ও ভারতের মধ্যে নির্ধারিত সীমা রেখা-

A) র‍্যাডক্লিফ লাইন

B) ম্যাকমোহন লাইন ✔

C) ব্লু লাইন

D) ডুরান্ড লাইন

**Solution:**
কতিপয় সীমারেখা:-
- চীন ও ভারতের - ম্যাকমোহন লাইন।
- ভারত ও পাকিস্তান- লাইন অফ কন্ট্রোল, র‍্যাডক্লিফ লাইন।
- লেবানন ও ইসরাইল – ব্লু লাইন।
- পাকিস্তান ও আফগানিস্তান- ডুরান্ড লাইন।

Question 27

## এশিয়ার বৃহত্তম জনসংখ্যার দেশ কোনটি?

A) ভারত ✔

B) জাপান

C) কাজাখস্তান

D) বাংলাদেশ

**Solution:**
১। এশিয়ার তথা বিশ্বের সর্বাধিক রাষ্ট্রভাষার দেশ - ভারত
২।এশিয়া তথা পৃথিবীর সর্বোচ্চ গড় আয়ুর দেশ- জাপান
৩।এশিয়ার আয়তনে বৃহত্তম মুসলিম রাষ্ট্র-কাজাখস্তান
৪।এশিয়ার বৃহত্তম জনসংখ্যার দেশ- ভারত

Question 28

নেপাল ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে পরিণত হয় কত সালে?

A ২০০৬ ✔

B ২০০৭

C ২০০৮

D ২০০৯

**Solution:**
নেপালকে সংবিধান অনুযায়ী হিন্দুরাষ্ট্র ঘোষণা করা হয়েছিলো ১৯৬২ সালে। নেপাল একসময় বিশ্বের একমাত্র হিন্দুরাষ্ট্র ছিলো। পরবর্তীতে এটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে পরিণত হয় ২০০৬ সালের ১৮ মে।

Question 29

কোন দেশে সংসদীয় পদ্ধতির সরকার অনুপস্থিত?

A জার্মানি

B ভারত

C মালদ্বীপ ✔

D নিউজিল্যান্ড

**Solution:**
মালদ্বীপে সংসদীয় পদ্ধতির সরকার অনুপস্থিত। বর্তমানে সেখানে রাষ্ট্রপতিশাসিত সরকারব্যবস্থা বিদ্যমান। প্রেসিডেন্ট হচ্ছেন সরকারপ্রধান। প্রেসিডেন্টই ক্যাবিনেট মন্ত্রীদের নিয়োগ দেন এবং তিনি তাদের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। প্রেসিডেন্ট পাঁচ বছরের জন্য দায়িত্বপ্রাপ্ত হন। তবে দেশটিতে অমুসলিমদের কোনো ভোটাধিকার নেই। দেশটিতে ৫০ সদস্যের একটি মজলিসে সুরা আছে।

Question 30

গ্রিক কবি হোমারের ইলিয়ড ও ওডিসি মহাকাব্য থেকে কোন সভ্যতার তথ্য পাওয়া যায়?

A. ইজিয়ান সভ্যতা ✔

B. সুমেরীয় সভ্যতা

C. মিশরীয় সভ্যতা

D. অ্যাশেরীয় সভ্যতা

**Solution:**

ইজিয়ান সভ্যতা: প্রায় চার হাজার বছর পূর্বে ইজিয়ান সাগরের তীরবর্তী পূর্ব বলকান অঞ্চলে ইজিয়ান সভ্যতা গড়ে উঠে। ইজিয়ান সভ্যতার কেন্দ্র ছিল গ্রিস। প্রাচীন গ্রিক কবি হোমারের ইলিয়াড ও ওডিসিতে ইজিয়ান সভ্যতার উল্লেখ পাওয়া যায়। চিত্রশিল্পে ও ভাস্কর্যে যথেষ্ট উন্নতি সাধন করা ইজিয়ান সভ্যতা খ্রিষ্টপূর্ব ১২০০ অব্দে পতন ঘটে।

Back